**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২২ মে ২০১৬, ৮ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বুলগেরিয়া সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরেছেন

২। শান্তি প্রতিষ্ঠায় বুদ্ধের আদর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে
  : বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি

৩। সরকারের জিরো টলারেন্সের কারণে জঙ্গিবাদের বিস্তার হয়নি: স্বরাষ্ট্রমন্ত্রী

৪। শিক্ষকদের ভোগান্তি কমাতে বরাদ্দ বৃদ্ধি পাবে: শিক্ষামন্ত্রী

৫। ঘূর্ণিঝড় রোয়ানুর প্রভাবে লণ্ডভণ্ড উপকূল : নিহত ২৩

৬। দুর্যোগ মোকাবেলায় বিশ্বে 'রোল মডেল' বাংলাদেশ: জনপ্রশাসনমন্ত্রী

৭। ঘূর্নিঝড় 'রোয়ানু'র কারণে পেছালো আজকের এইচএসসি পরীক্ষা

৮। মেয়াদোত্তীর্ণ খাদ্য বিক্রির দায়ে রাজধানীর একটি সুপার শপকে ৮ লাখ টাকা জরিমানা

৯। রাজধানীর পুরান ঢাকায় সরকারি ও নিষিদ্ধ ওষুধ রাখায় তিন ফার্মেসি মালিকের কারাদণ্ড

১০। আজ পবিত্র শবেবরাত

চলমান পাতা/২

**১। বুলগেরিয়া সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুলগেরিয়ার সোফিয়ায় অনুষ্ঠিত 'গ্লোবাল উইমেন লিডার্স ফোরামে' যোগদান শেষে দেশে ফিরেছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সফরসঙ্গীদের নিয়ে গতকাল ২১ মে শনিবার সকাল সাড়ে ৬ টায় ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এর আগে শুক্রবার স্থানীয় সময় রাত ৮ টায় (বাংলাদেশ সময় রাত ১১ টায়) সোফিয়ায় বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানটি ঢাকার উদ্দেশে যাত্রা করে। সোফিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম আল্লামা সিদ্দিকি এবং বুলগেরিয়ার প্রটোকল প্রধান বিমানবন্দরে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিদায় জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ**(পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ.,ক.১), **অবজারভার** ( পৃ.১,ক.৮)। **ইত্তেফাক, ভোরের কাগজ, অবজারভার**এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। শান্তি প্রতিষ্ঠায় বুদ্ধের আদর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে**
**: বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো.আবদুল হামিদ বলেছেন, সমাজে মূল্যবোধ ও শান্তি প্রতিষ্ঠায় বুদ্ধের আদর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। মহান বুদ্ধ সারাটি জীবন একটি স্নেহময়ী ও শান্তিপূর্ণবিশ্ব প্রতিষ্ঠায় সমতা ও মৈত্রীর বাণী প্রচার করেছেন। বুদ্ধের অহিংস বাণীর আবেদন এখনো সমাজে রয়েছে। বৌদ্ধ সম্প্রদায়ের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে গতকাল ২১ মে শনিবার বিকেলে বঙ্গভবনে বৌদ্ধ সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি একথা বলেন। অনুষ্ঠানে ধর্মমন্ত্রী মতিউর রহমান, বৌদ্ধধর্মের নেতা, শ্রীলঙ্কা, মিয়ানমারসহ কয়েকটি দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনার, বিভিন্ন আন্তর্জাতিক সংগঠনের প্রতিনিধি এবং বৌদ্ধ সম্প্রদায়ের পেশাজীবীরা যোগ দেন। সূত্র- **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** ( পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**৩। সরকারের জিরো টলারেন্সের কারণে জঙ্গিবাদের বিস্তার হয়নি: স্বরাষ্ট্রমন্ত্রী**

জঙ্গিবাদের বিষয়ে বর্তমান সরকারের জিরো টলারেন্স নীতির কারণে বাংলাদেশে জঙ্গিবাদ বিস্তার লাভ করতে পারেনি বলে দাবি করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল ২১ মে শনিবার রাজধানীর রাজারবাগ টেলিকম অডিটরিয়ামে 'টেরোরিজম থ্রেট অ্যান্ড রেসপন্স' শীর্ষক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডিএমপি ট্রেনিং একাডেমি ও সিঙ্গাপুরের ইন্টারন্যাশনাল সেন্টার ফর পলিটিক্যাল ভায়োল্যান্স অ্যান্ড টেরোরিজম রির্সাচ ( আইসিপিভিটিআর) যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে। এ সময় মন্ত্রী বলেন, জঙ্গিবাদ মোকাবেলায় সাইবার ক্রাইমের ওপরও লক্ষ্য রাখা হচ্ছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ**(পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৪। শিক্ষকদের ভোগান্তি কমাতে বরাদ্দ বৃদ্ধি পাবে: শিক্ষামন্ত্রী**

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের অবসরকালীন ও কল্যাণ সুবিধা পাওয়ার ক্ষেত্রে ভোগান্তি কমাতে সরকার এ খাতে সাড়ে ৬০০ কোটি টাকা বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে অবসরকালীন সুবিধার জন্য ৫০০ কোটি টাকা 'সিডমানি' ও ১০০ কোটি টাকা থোক হিসেবে দেওয়া হচ্ছে। আর কল্যাণ সুবিধার জন্য থোক বরাদ্দ দেওয়া হচ্ছে ৫০ কোটি টাকা। এছাড়া এই খাতে শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে কেটে নেওয়া মাসিক টাকার পরিমাণও বাড়ানো হচ্ছে। গতকাল ২১ মে শনিবার রাজধানীর ঢাকা শিক্ষক প্রশিক্ষণ কলেজে (টিটিসি) হজে যেতে ইচ্ছুক অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ চেক প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৭)।

**৫।　ঘূর্ণিঝড় রোয়ানুর প্রভাবে লণ্ডভণ্ড উপকূল : নিহত ২৩**

ঘূর্ণিঝড় রোয়ানু অতিক্রম করেছে বাংলাদেশের উপকূলীয় অঞ্চল। ঘূর্ণিঝড়ে নিহত হয়েছে ২৩ জন আর আহত হয়েছে শতাধিক। গতকাল ২১ মে শনিবার বিভিন্ন এলাকায় ঘর ও গাছ ভেঙে, পাহাড় ধসে এবং জোয়ারের পানির তোড়ে নিহত হন তারা। জলোচ্ছ্বাসে প্লাবিত হয়েছে বিস্তৃর্ণ এলাকা, ভেঙেছে বেড়িবাঁধ, পানিবন্দী হয়েছে লাখো মানুষ। ঝড়ো বাতাসে ঘরবাড়ি বিধ্বস্ত হওয়ার পাশাপাশি নষ্ট হয়েছে ফসলি জমি। মেঘনা নদীতে কার্গো ডুবির ঘটনাও ঘটেছে। রোয়ানুর প্রভাবে রাজধানীসহ দেশের সব অঞ্চলেই বৃষ্টি হয়েছে। নৌযানের মতোই বন্ধ থাকে বিমান চলাচল, পরে অবশ্য তা স্বাভাবিক হয়। এদিকে ঘূর্ণিঝড়ের সময় বাতাসের গতিবেগ কম থাকায় ক্ষতি কম হওয়ার সম্ভাবনার কথা জানিয়েছেন আবহাওয়াবিদরা।
সূত্র-**সংবাদ**(পৃ.১,ক.১),**ইত্তেফাক**,**ভোরের কাগজ, জনকণ্ঠ, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, অবজারভার**,**ডেইলি সান সহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৬।　দুর্যোগ মোকাবেলায় বিশ্বে 'রোল মডেল' বাংলাদেশঃ জনপ্রশাসনমন্ত্রী**

ঘূর্ণিঝড়ের মতো প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বাংলাদেশ বিশ্বের কাছে 'রোল মডেল' হিসেবে গণ্য হচ্ছে বলে দাবি করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে গতকাল ২১ মে শনিবার বিকেলে বঙ্গবন্ধু এভিনিউয়ে দলীয় কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জাতীয় শ্রমিক লীগ আয়োজিত আলোচনা সভায় তিনি বলেছেন, বাংলাদেশ এখন ঘূর্ণিঝড়, বন্যা মোকাবেলায় অনেক এগিয়ে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার এসব দুর্যোগ মোকাবেলায় বিশ্বের কাছে রোল মডেল হিসেবে গণ্য হচ্ছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** ( পৃ.১,ক.৪), **ইত্তেফাক** ( পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৪)।

**৭।　ঘূর্নিঝড় 'রোয়ানু'র কারণে পেছালো আজকের এইচএসসি পরীক্ষা**

ঘূর্নিঝড় 'রোয়ানু'র কারণে সারাদেশের এইচএসসি ও সমমানের আজকের পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে। ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের আজকের পরীক্ষা নেওয়া হবে আগামী ২৭মে শুক্রবার। সকালের পরীক্ষা ওইদিন সকাল ৯ টা থেকে ১২ টা এবং বিকালের পরীক্ষা বেলা আড়াইটা থেকে সাড়ে ৫ টায় অনুষ্ঠিত হবে। আর মাদ্রাসা শিক্ষা বোর্ডের আজকের পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৪ মে বেলা ২ টায়। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মাহাবুবুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল ২১ মে শনিবার পরীক্ষার সূচি পরিবর্তনের কথা জানানো হয়। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮),**অবজারভার** (পৃ.১,ক.২)।

**৮।　মেয়াদোত্তীর্ণ খাদ্য বিক্রির দায়ে রাজধানীর একটি সুপার শপকে ৮ লাখ টাকা জরিমানা**

রাজধানীর গুলশান-২ নম্বরের ডিসিসি মার্কেটের ঢালী সুপার শপকে মেয়াদোত্তীর্ণ খাদ্য বিক্রির দায়ে ৮ লাখ টাকা জরিমানা করেছে ডিএমপির ভ্রাম্যমাণ আদালত। গতকাল ২১ মে শনিবার অভিযান শুরু করে ডিএমপির ভ্রাম্যমাণ আদালত। এ সময় খাদ্য অধিদফতর, বিএসটিআই- এর কর্মকর্তরা উপস্থিত ছিলেন। অভিযান শেষে ডিএমপির নির্বাহী ম্যাজিস্ট্রেট মশিউর রহমান জানান, মেয়াদোত্তীর্ণ খাদ্যদ্রব্য বিক্রি , মাছ ও মাংস ক্রয়ের রসিদ না রাখার অপরাধে ওই সুপার শপকে ৮ লাখ টাকা জরিমানা করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭)।

**৯।　রাজধানীর পুরান ঢাকায় সরকারি ও নিষিদ্ধ ওষুধ রাখায় তিন ফার্মেসি মালিকের কারাদণ্ড**

পুরান ঢাকায় নিয়মবহির্ভূতভাবে ফার্মেসিতে সরকারি ওষুধ রাখা ও নিষিদ্ধ ওষুধ বিক্রির দায়ে তিন প্রতিষ্ঠানের মালিককে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে দুই প্রতিষ্ঠানের মালিককে জরিমানাও করা হয়েছে। গতকাল ২১ মে শনিবার দুপুরে চকবাজার এলাকায় র‍্যাব-১০-এর নির্বাহী ম্যাজিস্ট্রেট সারোয়ার আলমের নেতৃত্বে পরিচালিত অভিযানে সিমন ড্রাগ হাউজের মালিক পারভেজ আলমকে দেড় বছর ও অন্য দুই

প্রতিষ্ঠানের মালিক সালাউদ্দিনকে এক বছর এবং মমিনুল্লাহকে নয় মাস কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত। অন্যদিকে রায়হান মেডিসিন কর্নারের মালিক মো. রায়হান দেড় লাখ ও রিপন মেডিসিন হাউজের মালিক আরিফ হোসেন রিপনকে তিন লাখ টাকা জরিমানা করা হয়। ম্যাজিস্ট্রেট সারোয়ার আলম বলেন, তিন প্রতিষ্ঠানে বিভিন্ন হাসপাতালের সরকারি ওষুধ পাওয়া গেছে। একই সঙ্গে দু'ফার্মেসিতে নিষিদ্ধ ওষুধ পাওয়ার কারণে জেল ও জরিমানা করা হয়েছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**১০। আজ পবিত্র শবেবরাত**

আজ পবিত্র শবেবরাত। শবেবরাতের পবিত্র রাতেই মানবজাতির জন্য লেখা হয় আমলনামা। শবেবরাত উপলক্ষে ঢাকাসহ সারাদেশে নারী-পুরুষ-শিশুসহ সর্বস্তরের মুসলমানরা কোরআন তেলাওয়াত, নফল নামাজ ও বিশেষ মোনাজাতের মধ্য দিয়ে মহান সৃষ্টিকর্তা আল্লাহ তায়ালার সন্তুষ্টি অর্জনের জন্য এবাদত-বন্দেগীতে মশগুল থাকবেন। পবিত্র শবেবরাত উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। মহিমান্বিত এ রজনী ভাবগম্ভীর পরিবেশের মধ্য দিয়ে পালনের লক্ষ্যে আজ বাদ মাগরিব থেকে রাতব্যাপী বায়তুল মোকাররম জাতীয় মসজিদে অনুষ্ঠানমালার আয়োজন করেছে ইসলামিক ফাউন্ডেশন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** ( পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সংবাদ,ভোরের কাগজ, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, নিউ এজ :** কুষ্টিয়ায় একই কায়দায় দুর্বৃত্তদের চাপাতির আঘাতে একজন হোমিও চিকিৎসক নিহত ও তাঁর বন্ধু আহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে ভিন্ন ধর্মীয় মতের অধিকারী হওয়ার অজুহাত তুলে এ ধরণের একের পর এক হত্যাকাণ্ড রোধে দ্রুত কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

খ. **ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব,যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন,ফিনানশিয়াল এক্সপ্রেস :** আজ শবেবরাত উল্লেখ করে পবিত্র এ রাতের মহিমায় দেশের সবার জন্য শান্তি ও কল্যাণ বয়ে আনুক এ প্রত্যাশা ব্যক্ত।

গ. **জনকণ্ঠ :** প্রাথমিক শিক্ষার আওতা বাড়িয়ে পঞ্চম থেকে অষ্টম শ্রেণী করার আনুষ্ঠানিক ঘোষণা সরকার দেওয়ায় তাকে স্বাগত জানিয়ে এর সাথে সাথে প্রাথমিক শিক্ষাকে মানসম্মত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ডেইলি স্টার :** মধ্যস্বত্বভোগীদের হাত থেকে বোরো চাষিদের সুরক্ষায় বোরো ধান সরকারি ভাবে নির্ধারিত মূল্যে ক্রয় করার ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** সুন্দরবনের বনজসম্পদ ও জীববৈচিত্র্য ধ্বংসের হাত থেকে রক্ষা করে এর যথাযথ সুরক্ষায় বন অধিদপ্তরে পর্যাপ্ত লোকবল ও যন্ত্রপাতির ব্যবস্থা করে শক্তিশালী করে গড়ে তোলার আহ্বান।

চ. **ডেইলি সান :** বেসরকারি মেডিক্যাল কলেজে প্রাতিষ্ঠানিক শিক্ষাব্যবস্থা গুনগত মানসম্পন্ন করে ও অবকাঠামোগত ব্যবস্থা মজবুত করে স্বাস্থ্যসেবা খাতের বিদ্যমান নিম্নমানের সেবা উন্নত করার সুপারিশ।

ছ. **নিউ নেশন :** নতুন ব্যবসা শুরু করা ও লোন নেওয়ার ক্ষেত্রে শর্তসমূহ সহজ করে নতুন উদ্যোক্তাদের উৎসাহিত করতে ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে উৎসাহব্যাঞ্জক পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ এজ :** ২০১০ সাল থেকে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ১৪ জন আইন প্রণেতার ২২ বার বিদেশ সফরের পিছনে বিপুল পরিমাণ সরকারি অর্থ ব্যয়ের প্রসঙ্গ তুলে ধরে এ বিষয়ে সরকারকে যথাযথ 'প্রয়োজনীয়তার ভিত্তিতে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে পার্বত্য চট্টগ্রামের অপরাধ দমন, আইন-শৃঙ্খলা রক্ষা,মাদক উৎপাদন ও পাচার, জঙ্গি তৎপরতা দমন, অবৈধ অস্ত্র বাণিজ্য, আন্তঃসীমান্ত সন্ত্রাস দমনে বাংলাদেশ সেনাবাহিনী অসামান্য ভূমিকা পালন করছে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে **'ডিজিটাল প্রযুক্তি ও বাংলাদেশ'** শীর্ষক নিবন্ধে হাসনাত আবদুল হাই ডিজিটাল প্রযুক্তিকে প্রধানত সামাজিক যোগাযোগের মাধ্যম হিসেবে ব্যবহার না করে অর্থনৈতিক উন্নয়নে ব্যবহার করা হলে এর ভূমিকা ও গুরুত্ব বৃদ্ধি পাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

ফারহানা/শুক্লা/মরজিনা/সাঈদা/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা